দৈনিক বাংলা

তারিখ 27 OCT 1992
পৃষ্ঠা ১ কলাম ৬

107

# চট্টগ্রামে শিবির—ছাত্রলীগ বন্দুক যুদ্ধ : আহত ১০ হরতাল পালিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ২৬ অক্টোবর।— ইসলামী ছাত্র শিবিরের আহ্বানে সোমবার চট্টগ্রামে অর্ধদিবস হরতাল পালিত হয়। এ সময় ছাত্র শিবির ও ছাত্রলীগের (ম–ই) সংঘর্ষে ১০ জন আহত হয়।

হরতাল চলাকালীন সময়ে যানবাহন, ব্যবসা প্রতিষ্ঠান, অফিস–আদালত, ব্যাংক–বীমা বন্ধ থাকে। সরকারী অফিস খুললেও, কর্মচারীরা হরতালের পর অফিসে যায়।

শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে কোন ছাত্র-ছাত্রী যায়নি। ভার্সিটির শাটল ট্রেনগুলো

(আটের পাতায় ৮-এর কঃ দ্রঃ)

## চট্টগ্রামে শিবির—ছাত্রলীগ

(প্রথম পৃষ্ঠার পর)

নির্ধারিত সময়ের পর ছেড়ে গেলেও ছাত্ররা তেমন যায়নি।

সকাল ১০টার দিকে নিউমার্কেট মোড়ে শিবির ও ছাত্রলীগ (ম–ই) কর্মীদের মধ্যে ২ ঘন্টা বন্দুক যুদ্ধ হয়। উভয় গ্রুপকেই পিস্তলের গুলি ছুঁড়তে দেখা যায়। এ সময় জুবলী রোড, কালিমন্দির, জিপিও ও ষ্টেশন রোড এলাকায় আতংক ছড়িয়ে পড়ে। মানুষ ছুটাছুটি শুরু করে।

কিছু রিকশা ভাঙচুর হয়। শিবির কর্মীরা খন্ড খন্ড মিছিল বের করে। হাটহাজারীতে শিবিরের কর্মীরা নাজির-হাটগামী ট্রেন আটকে রাখে।